কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 11 AUGUST 2026 ,TUESDAY | ১১ আগস্ট ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-249


## বেহাল রাস্তা পরিদর্শনে মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১০ আগস্ট :** দীর্ঘ কয়েক বছর ধরে বেহাল অবস্থা বীরেন রায় রোডের । বিগত সরকারের আমলেও এই গুরুত্বপূর্ণ রাস্তার কোনো রকম সংস্কার হয়নি। রাস্তার মাঝে বড় বড় গর্ত । রাস্তার বেহাল দশার জন্য বহু দুর্ঘটনা ও ঘটেছে । সোমবার এই গুরুত্বপূর্ণ রাস্তা পরিদর্শন করলেন বেহালা পশ্চিমের বিধায়ক তথা রাজ্যের ক্রীড়া-যুব কল্যাণ ও ক্রেতা সুরক্ষা মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ ।এই রাস্তার সংস্কার যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে যাতে করা যায় সেই বিষয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে বেহালা চৌরাস্তা থেকে বেলেডাঙ্গা হয়ে শিবরামপুর হয়ে নতুনহাট অবধি পরিদর্শন করে গুরুত্বপূর্ণ আলোচনা করেন মন্ত্রী। মন্ত্রীর রাস্তা সংস্কারের উদ্যোগে খুশি পথ চলতি সাধারণ মানুষ।

## কলকাতায় "তিরঙ্গা যাত্রায়" মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,১০ আগস্ট :** সোমবার কলকাতা সহ সমস্ত জেলায় ৮০ তম স্বাধীনতা দিবস উপলক্ষে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি নানা অনুষ্ঠানের মাধ্যমে পালন করা হয়। এই অভিযানে শামিল হয়ে কলকাতার গৌড় পাল সরণি থেকে ভিক্টোরিয়া মেমোরিয়াল নর্থ গেট পর্যন্ত "তিরঙ্গা যাত্রায়" নেতৃত্ব দেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই কর্মসূচিকে সফল করার জন্য মুখ্যমন্ত্রী প্রতিটি বাড়িতে আগামী ১৫ আগস্ট জাতীয় পতাকা উত্তোলন করার আবেদন করেন। এছাড়াও তিনি বলেন , "ভারত সরকারের কার্যক্রম 'হর ঘর তিরঙ্গা কর্মসূচি' তে আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ প্রথমবার যুক্ত হতে চলেছে। প্রথমবার প্রত্যেকটি জেলা,পৌরসভা, মহকুমা এবং ব্লক স্তরে মোট ৭০ লক্ষ জাতীয় পতাকা রাজ্য সরকারের পক্ষ থেকে বিতরণ করা হবে। সমাজের সমস্ত স্তরের মানুষজন কে ' হর ঘর তিরঙ্গা "অভিযান সফল করার আহ্বান জানাচ্ছি"।

# জয়ন্তী চা বাগানের সীমান্তবর্তী এলাকায় নৈশকালীন জন সংযোগ পুলিশের




**সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১০ আগস্ট :**আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে রবিবার রাতে জেলার জয়ন্তী চা বাগানের ভারত ভুটান সীমান্তের লাগোয়া গ্রামে আয়োজিত হয় নৈশকালীন জন সংযোগ কর্মসূচি। এই ককর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার অমিত কুমার শ ও অন্যান্য পুলিশ আধিকারিকগন। জানা গেছে এই কর্মসুচিতে এলাকাবাসীদের সাথে মত বিনিময় করে তাদের অভাব অভিযোগ শোনেন পুলিশ আধিকারিকগন। অভাব অভিযোগ ও সমস্যাবলীর সমাধান নিয়েও আলোচনা হয়। পুলিশ সূত্রে জানানো হয় এই কর্মসুচির মাধ্যমে এলাকাবাসীর সংস্কৃতি, ঐতিহ্য ও দৈনন্দিন জীবনযাত্রার সাথে পরিচিতির সুযোগ ঘটে। এলাকার শিশুদের ফুটবল ও ক্রিকেট কিট তুলে দেওয়া হয়। মহিলাদের দেওয়া হয় শাড়ি ও বাদ্যযন্ত্র। জেলা পুলিশ সুপার জানান পুলিশ ও জনসাধারনের মধ্যে আস্থা,সম্পর্ক আরও সুদৃঢ় করার লক্ষ্যেই এই কর্মসূচি।

# হাওড়ায় জগাছা মুন্সিডাঙ্গায় চিকিৎসায় গাফিলতির অভিযোগে শিশু মৃত্যুর ঘটনায় তুমুল উত্তেজনা





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , হাওড়া ,১০ আগস্ট :** হাওড়ায় জগাছা মুন্সিডাঙ্গায় শিশু মৃত্যুর ঘটনায় তুমুল উত্তেজনা। চিকিৎসার গাফিলতির অভিযোগে নার্সিংহোমে ভাঙচুর চালাল মৃতের আত্মীয় পরিজনরা । সূত্রের খবর ,শুক্রবার ,হাওড়ার জগাছা মুন্সিডাঙ্গার SR হেলথ কেয়ার নামে ওই বেসরকারি নার্সিংহোমে একটি পুত্র সন্তানের জন্ম দেয় হাওড়া ডোমজুড়ের ডাসির বাসিন্দা জাহিমা খাতুন। রবিবার সদ্যোজাত সন্তান কে নিয়ে বাড়িও ফিরে যান তারা। রাতে হঠাৎ শারীরিক অবস্থার দ্রুত অবনতি হওয়ায় ফের শিশুটিকে ওই বেসরকারি নার্সিংহোমে ভর্তি করে । আজ ভোরে শিশুটির মৃত্যু হয় । শিশুটির পরিবারের অভিযোগ ,সোমবার ভোরবেলায় ওই নার্সিংহোমে কোন চিকিৎসক ছিল না। একজন নার্স ছিল। একজন প্যারামেডিকেল স্টাফকে দিয়ে ওই শিশুটির চিকিৎসা করানো হয়। এর ফলে তার মৃত্যু হয় বলে অভিযোগ শিশুর পরিবারের। এই ঘটনার খবর জানতে পেরে উত্তেজিত জনতা নার্সিংহোমে ভাঙচুর শুরু করে দেয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় জগাছা থানার পুলিশ বাহিনী।

# দুদিন পেরিয়ে গেলেও দেশে ফিরলোনা জোর করে বাংলাদেশে নিয়ে যাওয়া ভারতীয় যুবক ,দুশ্চিন্তায় পরিবার





**নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১০ আগস্ট :** দুদিন আগে ভারত বাংলাদেশ সীমান্তের চাউলহাটি বি ও পি র বত্রিশ নম্বর গেট পেরিয়ে জিরো ল্যান্ডে থাকা নিজের জমির চা বাগানে স্প্রে করতে গিয়েছিলেন ভারতীয় যুবক দীপঙ্কর গোপ। চা বাগানে স্প্রে করার সময় কয়েকজন। বাংলাদেশী তাকে জোর করে বাংলাদেশের ভেতরে নিয়ে যায়। শনিবার সকালের এই ঘটনার পর থেকেই এলাকায় চাপা আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। দুদিন কেটে গেলেও ভারতীয় যুবক কে দেশে ফেরানো সম্ভব হয়নি। জানা গেছে জেলা প্রশাসন ও বি এস এফ বাংলাদেশ এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কয়েকদফা ফ্ল্যাগ মিটিং করলেও ঐ যুবককে দেশে ফেরত আনার বিষয়ে কোনো সমাধান সূত্র পাওয়া যায়নি। উল্লেখ্য সপ্তাহ দুই আগে এক বাংলাদেশী মহিলা সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশ করলে বি এস এফ তাকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়। ঐ মহিলা আদালতের নির্দেশে আটক আছে। বাংলাদেশীদের দাবী ঐ মহিলাকে মুক্তি দিলেই দীপঙ্কর কে মুক্তি দেওয়া হবে। যুবকের মুক্তির দাবিতে এলাকা বাসী রবিবার সন্ধ্যায় রাজগঞ্জ থানার সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। রাজগঞ্জ থানার ভারপ্রাপ্ত আধিকারিক তাদের বুঝিয়ে বাড়ি পাঠান। রাজগঞ্জের বিধায়ক দীনেশ সরকার এলাকার বাসিন্দাদের সাথে কথা বলে জানান প্রশাসন যুবকের মুক্তির জন্য তৎপরতা চালিয়ে যাচ্ছে আশা করা যায় খুব শীঘ্রই সমাধান সূত্র মিলবে। যুবকের জন্য দুশ্চিন্তায় আছেন পরিবারের সদস্যরা ও এলাকাবাসী।

# মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষের উদ্যোগে শিলিগুড়ির পার্কিং সমস্যা সমাধানে কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের মেলা প্রাঙ্গনে চালু হলো নতুন পার্কিং ব্যবস্থা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ, শিলিগুড়ি ,১০ আগস্ট :** শিলিগুড়ি শহরের যানজট কমানোর লক্ষ্যে সোমবার শহরের কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের মেলা প্রাঙ্গনে চালু হলো নতুন পার্কিং ব্যবস্থা। এদিন এই পার্কিং ব্যবস্থার সূচনা করেন রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। নতুন পার্কিং ব্যবস্থার সূচনা করে মন্ত্রী জানান বিধান রোড, হিলকার্ট রোড ও ক্ষুদিরাম পল্লীর ব্যবসায়ীরা তাদের গাড়ি রাস্তার পাশে পার্কিং করে রাখতেন পাশাপাশি ক্রেতারাও তাদের গাড়ি রাখতেন ফলে এই এলাকায় ব্যপক যানজট হতো। নতুন পার্কিং ব্যবস্থায় দুটো জোন করা হয়েছে, এক নম্বর জোনে ব্যবসায়ীদের গাড়ি পার্কিং করা হবে আর দু নম্বর জোনে বাইরে থেকে আসা গাড়িগুলিকে পার্কিং করা হবে। এই ব্যবস্থার ফলে আশা করা যাচ্ছে এলাকার যানজট কম হবে। মন্ত্রী আরও জানান প্রথম পনেরোদিন বিনামূল্যে গাড়ি পার্কিং করা হবে পরে পার্কিং ফি নেওয়া হবে। তিনি আরও জানান পরবর্তীতে ট্রাফিক পুলিশ,কর্পোরেশন, সানাজিক সংগঠন ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিদের নিয়ে একটি কমিটি গঠন করে এই পার্কিং ব্যবস্থা পরিচালিত হবে ও নির্দিষ্ট হারে পার্কিং ফি আদায় করা হবে। পুজোর আগেই এই ব্যবস্থা কার্যকর হবে বলেও জানান মন্ত্রী।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |